



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ : ১৩/১০/২০১৬

থাইল্যান্ডের রাজা ভূমিবলের মৃত্যুতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের শোক প্রকাশ

থাইল্যান্ডের রাজা ভূমিবল আদুলিয়াদেজের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির সভাপতি প্রফেসর ড. এস.এম. ইমামুল হক। শোকবার্তায় উপাচার্য মহোদয় বলেন, রাজা ভূমিবল ছিলেন সমগ্র বিশ্বের মৃত্তিকা বিজ্ঞানীদের অন্যতম সুহৃদ। তাঁর ঐকান্তিক প্রচেষ্টায় জাতিসংঘ “৫ ডিসেম্বরকে বিশ্ব মৃত্তিকা দিবস” হিসাবে ঘোষণা করে। মৃত্তিকা বিজ্ঞানে তাঁর এ অবদানকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন উপাচার্য মহোদয় এবং আশা করেন, সমগ্র বিশ্বের মৃত্তিকা বিজ্ঞানীরাও তার এ অসামান্য অবদানকে কৃতজ্ঞ চিত্তে স্মরণ করবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো: ফয়সল মাহমুদ

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়